দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 5 .. 1999 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ ......

# ৮টি ছাত্র সংগঠনের নেতারা এক মঞ্চে সরকারবিরোধী ছাত্র আন্দোলনের ডাক

**গিয়াস উদ্দিন রিমন ॥** জাতীয় রাজনীতিতে ঐক্য প্রক্রিয়ার ধারাবাহিকতায় এবার ছাত্র রাজনীতিতে সরকারবিরোধী বৃহত্তর ঐক্যের সুর বেজে উঠেছে। সরকারী দলের ছাত্র সংগঠন ছাড়া সরকারের বিরুদ্ধে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলোর দায়িত্বশীল নেতাদের কণ্ঠে এসেছে ঐক্যের ডাক। দুঃশাসনবিরোধী জোরদার ছাত্র আন্দোলন গড়ে তুলতে সর্বদলীয় ছাত্র ঐক্য গঠনের

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ছাত্র আন্দোলনের ডাক

প্রথম পৃষ্ঠার পর

আহবান জানিয়েছেন তারা পরস্পরের প্রতি সমস্বরে। এই প্রথমবারের মত ৮টি বিরোধী ছাত্র সংগঠনের নেতারা এক মঞ্চে সমবেত হয়েছেন। সরকারবিরোধী ঐক্যবদ্ধ ছাত্র আন্দোলন শুরুর প্রয়োজন উপলব্ধি করেন তারা— প্রকাশ্যে মঞ্চে দাঁড়িয়ে একথা বলেছেন সকলেই। তাদের এই উপলব্ধিই ছাত্র সংগঠনগুলোকে নিয়ে যেতে পারে একই প্লাটফর্মে।

৮টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ গতকাল বিকেলে নগরীর একটি কমিউনিটি সেন্টারে সমবেত হন। সেখানে জাগপা সমর্থিত ছাত্র লীগ তাদের ঢাকা মহানগর সম্মেলন ও ইফতার পার্টিতে নেতৃবৃন্দকে আমন্ত্রণ জানিয়েছিলেন। সম্মেলন মঞ্চে ৮টি ছাত্র সংগঠনের নেতারা আসন গ্রহণ করেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন। তারা সকলেই ঐক্যবদ্ধ ছাত্র আন্দোলনের উপর গুরুত্বারোপ করেন। সমবেত ছাত্র নেতৃবৃন্দ হলেন— জাতীয়তাবাদী ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর এলাহী ও সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশারফ হোসেন, জাতীয় ছাত্রসমাজের সভাপতি মনিরুজ্জামান টিটু ও সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম ভুঁইয়া, ইসলামী ছাত্র শিবিরের ঢাকা মহানগরী (দক্ষিণ) সভাপতি লুৎফর রহমান, গণতান্ত্রিক ছাত্র লীগের সভাপতি সালাহউদ্দিন তরুণ, ছাত্র মজলিসের সাধারণ সম্পাদক জয়নুল হক, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের সাধারণ সম্পাদক ইখতিয়ার বিন তারিক, প্রগতিশীল জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি মোতাহের হোসেন চৌধুরী রাশেদ এবং জাগপা ছাত্র লীগের সভাপতি আব্দুল মোমেন বাবুল ও সাধারণ সম্পাদক ইউসুফ আজগর। ছাত্র নেতৃবৃন্দ সকলেই দেশের শিক্ষাঙ্গনের দুঃসহ পরিস্থিতি মোকাবিলায় এবং সরকার পতনের লক্ষ্যে ছাত্র গণঅভ্যুত্থান গড়ে তুলতে জাতীয়তাবাদী ও ইসলামপন্থী সমমনা ছাত্র সংগঠনগুলোর বৃহত্তর ছাত্র ঐক্য গঠনের উদ্যোগ নিতে বিএনপি'র ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতি আহবান জানায়। ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর এলাহী এই ছাত্রঐক্য গঠনের সম্ভাবনাকে দুঃশাসনবিরোধী সংগ্রামে নতুন মাইলফলক আখ্যায়িত করে বলেন, ছাত্রদলের নেতৃত্বে সরকারবিরোধী ঐক্যবদ্ধ ছাত্র আন্দোলন সংগঠিত হলে অনিবার্যভাবেই তা এই সরকারের পতন ঘটাবে। তিনি আশা করেন, শীঘ্রই আলাপ-আলোচনার মাধ্যমে এই প্রক্রিয়ার অগ্রগতি হবে। তিনি সকল ছাত্র সংগঠনকে এক মঞ্চে সমবেত হয়ে মতবিনিময়ের সুযোগ করে দেয়ায় জাগপা ছাত্র লীগের নেতাদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানের প্রধান অতিথি জাগপা'র সভাপতি শফিউল আলম প্রধান ছাত্রসমাজের ঐক্য প্রক্রিয়াকে স্বাগত জানিয়ে বলেন, ঐক্যবদ্ধ কোন ছাত্র আন্দোলন কখনও ব্যর্থ হয়নি। ভারতীয় তাঁবেদার শেখ হাসিনার সরকার উৎখাতে জাতীয়তাবাদী ও ইসলামী ছাত্র সংগঠনের ঐক্য সফল হবে।

ঐক্যবদ্ধ ছাত্র আন্দোলনের মাধ্যমে সরকারের পতন ঘটিয়ে দেশবাসীকে দুঃশাসন থেকে মুক্ত করার জন্য তিনি সরকারবিরোধী সমমনা সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ও ছাত্রসমাজের প্রতি আহবান জানান।